

া সহীহ শামায়েলে তিরমিযী

হাদিস নাম্বারঃ ৫৮

২০. রাসূলুল্লাহ (الله عليه) এর মোজা ব্যবহার (الله عليه)

আরবী

حَدَّثَنَا هَنَّادُ بْنُ السَّرِيِّ ، قَالَ : حَدَّثَنَا وَكِيعٌ ، عَنْ دَلْهَمِ بْنِ صَالِحٍ ، عَنْ حُجَيْرِ بْنِ عَبْدِ اللَّهِ ، عَنْ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ , اللَّهِ ، عَنْ أَبِيهِ ، " أَنَّ النَّجَاشِيَّ أَهْدَى لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ , خُفَيْنِ , أَسْوَدَيْنِ , سَاذَجَيْنِ , فَلَبِسَهُمَا ثُمَّ تَوَضَّأَ وَمَسَحَ عَلَيْهِمَا " .

বাংলা

রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম নাজ্জাশীর হাদিয়াকৃত কালো রঙের মোজা পরিধান করতেন:

৫৮. ইবনে বুরাইদা (রাঃ) তাঁর পিতা হতে বর্ণনা করেন যে, একদা নাজ্জাশী রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে এক জোড়া কালো রঙের মোজা হাদিয়া পাঠান। এরপর তিনি ঐ মোজা দুটি পরিধান করে ওযুকরলেন এবং এর উপর মাসেহ করলেন।[1]

English

Buraydah (radiallahu anhu.) says, "Najaashi sent two simple black colored as a gift to Sayyidina Rasulullah sallallahu alaihe wasallam. He wore these and made mas-h over after performing wudu".

ফুটনোট

[1] আবু দাউদ, হা/১৫৫; ইবনে মাজাহ, হা/৫৪৯; মুসনাদে আহমাদ, হা/২৩০৩১; সুনানে কুবর লিল বায়হাকী, হা/১৩৯৪।

ব্যাখ্যা

তৎকালীন হাবশার (আবিসিনিয়ার) বাদশার উপাধি ছিল নাজ্জাশী। মক্কা হতে মুসলিমদের হাবশায় হিজরত করাটা নাজ্জাশীর শাসনামলে হয়েছিল। তিনি ইসলাম কবুল করেছিলেন। নাজ্জাশী রাসূলুল্লাহ (সাঃ) কে বিভিন্ন জিনিস উপহার হিসেবে পাঠিয়ে ছিলেন। তাঁর মধ্যে একটি কোর্তা, একটি পাজামা এবং একটি রুমাল ছিল। রাসূলুল্লাহ



(সাঃ) তাঁর মৃত্যুর সংবাদ শুনে সাহাবীদেরকে নিয়ে গায়েবানা জানাযা আদায় করেছিলেন। আর এটাই হলো প্রথম গায়েবানা জানাযার নামায।

Najaashi was the title of kings of Abyssinia, like sharif was the title of the rulers of Makkah. The name of this Najaashi was As-hamah, who later became a Muslim. The'ulama have deduced from this hadith that it is permissible to accept a gift of a non-believer. Najaashi had not yet accepted Islaam at the time of sending the gift. The 'ulama have therefore summed up these in different ways.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইমাম পাবলিকেশন লিমিটেড

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন